গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : “নদী তীর সংরক্ষণের মাধ্যমে মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার তজুমুদ্দিন উপজেলা সদর সংরক্ষণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১১/০২/২০২১।
সভার সময়	বেলা ১২.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম সভায় জানান যে, ৬০৯৩৮.০৯ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়নকাল জুন, ২০২১ পর্যন্ত নির্ধারিত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯৫.০০% এবং আর্থিক অগ্রগতি ৯১.৮১%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত
১	সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো জানান, আলোচ্য প্রকল্পের আওতাভূক্ত বাঁধের ঢাল সংরক্ষণ ও নদীতীর রক্ষা সংক্রান্ত ১৫ টি প্যাকেজের মধ্যে ১০ টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং চলমান ৫ টি প্যাকেজের কাজের গড় অগ্রগতি ৮৫%। প্রকল্পের অবশিষ্ট কাজ এপ্রিল ২০২১ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে। সভাপতি, প্রকল্প সমাপ্তির নির্ধারিত সময়ের মধ্যেই সকল ভৌত কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।	(ক) যথাযথ মান বজায় রেখে জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পের সকল ভৌত কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: মহাপরিচালক, বাপাউবো/প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী।
২	নির্বাহী প্রকৌশলী আরও জানান, প্রকল্পের ১টি প্যাকেজের দরপত্র পাসম কর্তৃক এ প্রকল্পের অন্যান্য প্যাকেজের সাশ্রয়কৃত অর্থ হতে আন্তঃঅংগ ব্যয় সমন্বয়ের শর্তে অনুমোদিত হয়েছে। সেমতে আন্তঃঅংগ ব্যয় প্রস্তাবনা প্রস্তুতপূর্বক পাসম’তে দাখিল করা হয়েছে। উক্ত প্রস্তাবনায় ডিজাইন, বাপাউবো’র সুপারিশ মোতাবেক প্রকল্পের অনুমোদিত নকশায় স্টক পাইল হিসেবে সিসি ব্লকের সংস্থানের প্রস্তাব করা হয়েছে। এছাড়া প্রকল্প এলাকার সৌন্দর্য্য বৃদ্ধি এবং পর্যটন শিল্পের বিকাশের নিমিত্ত বাঁধের ঢাল সংরক্ষণ কাজের ঢেউ-ভাংগা ব্লকসমূহ Colourful Painting করণ প্রস্তাব করা হয়েছে। সভাপতি, স্টক-পাইল ম্যাটেরিয়ালের সংস্থান এবং প্রকল্প এলাকার সৌন্দর্য্য বৃদ্ধি এবং পর্যটন শিল্পের বিকাশের নিমিত্ত গৃহীত প্রস্তাবনার সাথে একমত পোষণ করেন। তিনি প্রকল্পটির দাখিলকৃত আন্তঃঅংগ ব্যয় সমন্বয় প্রস্তাবনার যৌক্তিকতা যাচাইপূর্বক দ্রুত প্রক্রিয়াকরণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	(খ) প্রকল্প যাচাই কমিটির সভার সুপারিশের আলোকে দাখিলকৃত আন্তঃঅংগ ব্যয় সমন্বয় প্রস্তাবনা অনুমোদনের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ পরিকল্পনা উইং, পাসম। (গ) প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে Project Completion Report (PCR) দাখিল করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩। পরিশেষে সভাপতি, চলমান প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি চর-জহিরুদ্দিনের অগ্রভাগে ‘Protection’ প্রস্তাবনা সংবলিত ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৪.১৬-৯৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ''নদী তীর সংরক্ষণের মাধ্যমে মেঘনা নদীর ভাঙন হতে ভোলা জেলার তজুমুদ্দিন উপজেলা সদর সংরক্ষণ (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্প, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৬) উপ-সচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট প্রকল্প), ভোলা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।
২১) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব